

আপনার COVID-19 বুস্‌টার গুলো স্বাস্থ্যকর্মী



**COVID-19
VACCINE**
Public Health
Advice

১৬ সেপ্টেম্বর ২০২২ তারিখে
HSE দ্বারা প্রকাশিত
সংস্করণ ২



Rialtas na hÉireann
Government of Ireland

আমি কেন আরেকটি COVID-19 টিকা নেব?

আপনি স্বাস্থ্যসেবা কর্মী হলে আপনার COVID-19 দ্বারা আক্রান্ত হওয়ার ঝুঁকি খুব বেশী।

আপনার COVID-19 টিকা গ্রহন হালনাগাদ রাখা গুরুত্বপূর্ণ, এমনকি আপনার ইতোমধ্যেই টিকা নেওয়া হয়ে থাকলেও অথবা আপনার COVID-19 সংক্রমণ হয়ে থাকলেও। এর কারণ হল যে আপনার আগের টিকা থেকে আপনি যে সুরক্ষা পেয়েছেন বা COVID-19 সংক্রমণ থেকে আপনি যে সুরক্ষা লাভ করছেন দিন দিন তা দুর্বল হয়ে যেতে পারে।

বুস্টার আপনার COVID-19 থেকে সুরক্ষিত থাকার ক্ষমতা বাড়ায় এবং এছাড়াও আপনি প্রতিদিন যে ব্যক্তিদের সেবা করেন তাদের সুরক্ষিত রাখে।

আমার কতগুলি COVID-19 টিকার ডোজ নেওয়া উচিত?

জাতীয় রোগ প্রতিরোধ উপদেষ্টা কমিটি (এনআইএসি) সুপারিশ করেছে যে:

- আপনার প্রথম বারের COVID-19 টিকা ইতোমধ্যেই নেওয়া উচিত (সাধারণত ২ ডোজ, যারা একক ডোজ জ্যাক্সেন COVID-19 টিকা নিয়েছেন তাদের ছাড়া)
- তারপর আপনার প্রথম বুস্টার ডোজ নেওয়া উচিত
- এরপরে দ্বিতীয় বুস্টার ডোজ নেওয়া উচিত

আমার কখন বুস্টার নেওয়া উচিত?

আপনার শেষ COVID-19 টিকা গ্রহনের অন্তর্গত ৪ মাস পরে আপনার বুস্টার নেওয়া উচিত।

আপনার যদি COVID-19 হয়ে গিয়ে থাকে, তবে আপনার লক্ষণগুলি দেখা দেওয়ার পর অথবা আপনার পরীক্ষায় পজিটিভ বলে সনাক্ত হওয়ার পর বুস্টার পাওয়ার আগে আপনাকে কমপক্ষে ৪ মাস অপেক্ষা করা উচিত।

আমার বুস্টারের জন্য আমাকে কোন টিকা দেওয়া হবে?

ইউরোপিয়ান মেডিসিন এজেন্সি (EMA) এর অনুমোদন অনুযায়ী আয়ারল্যান্ডের ন্যাশনাল ইমিউনাইজেশন অ্যাডভাইজরি কমিটি (NIAC) দ্বারা তিনটি অভিযোজিত mRNA COVID-19 টিকার বুস্টার ডোজ হিসেবে সুপারিশ করা হয়েছে। এই টিকাগুলি হল:

- Comirnaty® BA.1 (Pfizer vaccine)
- Comirnaty® BA.4-5 (Pfizer vaccine)
- Spikevax® BA.1. (মডার্না টিকা)

যদিও আগের সমস্ত টিকা COVID-19 এর বিরুদ্ধে সুরক্ষা প্রদান করে, অভিযোজিত টিকাগুলি COVID-19 ভেরিয়েন্টের বিরুদ্ধে ব্যাপক সুরক্ষা দেবে বলে আশা করা হচ্ছে।

আমরা বুস্টারের নিরাপত্তা সম্পর্কে কি জানি?

আমাদের কাছে দ্বিতীয় এবং পরবর্তী COVID-19-এর বুস্টারের নিরাপত্তা সম্পর্কে তথ্য কম আছে। তবে, অনেক দেশ তাদের জনসংখ্যাকে কোভিড-19 এর টিকার একাধিক ডোজ দিয়েছে। অধ্যয়নে দেখা যায় যে যারা একাধিক বুস্টার পেয়েছেন তাদের জন্য এ পর্যন্ত কোন অপ্রত্যাশিত নিরাপত্তা জনিত উদ্বেগ ছিল না।

আশা করা হচ্ছে যে অভিযোজিত টিকার নিরাপত্তা আগের টিকার মতোই হবে। টিকার নিরাপত্তা EMA দ্বারা পর্যবেক্ষণ করা অব্যাহত থাকবে। সমস্ত অভিযোজিত টিকাগুলিতে ট্রোমেটামল থাকে এবং তাই আপনার যদি ট্রোমেটামলের অ্যানাফিল্যাক্সিস (গুরুতর অ্যালার্জির প্রতিক্রিয়া) হয়ে থাকে তবে আপনি এটি গ্রহণ করতে পারবেন না।

বুস্টার টিকা কি ইউরোপীয় ঔষধসংস্থা(EMA) দ্বারা অনুমোদনপ্রাপ্ত?

এমআরএনএ টিকার দ্বিতীয় বা পরবর্তী বুস্টার ইএমএ দ্বারা অনুমোদিত হয়নি।

স্থানীয় তথ্য-উপাত্ত ও বিবেচনার কারণে এনআইএসি- এর সুপারিশ হতে ইএমএ এর সুপারিশ থেকে ভিন্ন হতে পারে আয়ারল্যান্ডে আমরা এনআইএসি এর উপদেশ মেনে চলি।

আমি ফ্লু টিকা নেওয়ার সময়ে কি COVID-19- এর টিকা নিতে পারি?

হ্যাঁ। আপনার যদি একটি ফ্লু টিকা গ্রহণের সময় হয়ে থাকে, তবে আপনি একই সময়ে যে কোনো COVID-19 টিকা পেতে পারেন। আপনার ফ্লু টিকার সাথে আপনার COVID-19 টিকা নেওয়ার জন্য আপনাকে অপেক্ষা করতে হবে না - আপনি এখনই আপনার COVID-19 টিকা নিতে পারেন।

আরও তথ্য

আপনি COVID-19 টিকা সম্পর্কে গুরুত্বপূর্ণ তথ্য পেতে পারেন hse.ie/covid19vaccine -এ বা আমাদের টিমকে HSLive-এ 1800 700 700 নম্বরে কল করতে পারেন এগুলি সোমবার থেকে শুক্রবার সকাল ৮টা থেকে রাত ৮টা পর্যন্ত এবং শনিবার এবং রবিবার সকাল ৯টা থেকে বিকাল ৫টা পর্যন্ত খোলা থাকে।

আপনি আপনার চিকিৎসক, নার্স, ওষুধ বিক্রেতা বা টিকা প্রদানকারীর সাথেও কথা বলতে পারেন।

১৬ সেপ্টেম্বর ২০২২ তারিখে
HSE দ্বারা প্রকাশিত

সংস্করণ ২



Rialtas na hÉireann
Government of Ireland